

3462 - ছেলে সামর্থ্যবান; কিন্তু বাবা তার পক্ষ থেকে যাকাতুল ফিতর পরিশোধ করতে চান

প্রশ্ন

কোন এক বাবা তার ছেলের ফিতরা পরিশোধ করতে চান। কিন্তু ছেলে নিজে সামর্থ্যবান। এমনতাবস্থায় ছেলে কি করবে?

প্রিয় উত্তর

যেহেতু ছেলে নিজে সামর্থ্যবান সুতরাং ছেলেই তার ফিতরা পরিশোধ করবে। আর তার বাবা যদি তার পক্ষ থেকে পরিশোধ করে; এতেও কোন অসুবিধা নেই। বিশেষতঃ এটা যদি পিতার অভ্যাসগত বিষয় হয় যে, তিনি প্রতি বছর তার ছেলেদের ফিতরা পরিশোধ করেন; এমনকি তারা বড় হলেও, চাকুরী করলেও। কেননা তিনি তার অভ্যাস জারী রাখতে পছন্দ করেন। যদি ছেলে বাবাকে বলে যে, আপনি আমার ফিতরা পরিশোধ করবেন না; এতে বাবা মনে কষ্ট পেতে পারেন। তাই সে তার বাবাকে তার ফিতরা পরিশোধ করতে দিক এবং সে নিজেও নিজের ফিতরা পরিশোধ করুক। পিতা ছেলেদের ফিতরা পরিশোধ করা অব্যাহত রাখাটা কারো কারো কাছে সম্ভব পিতার সাথে সম্পৃক্ত থাকা এবং পিতার আনুগত্যশীল ও যত্নে থাকার চিহ্ন হিসেবে বিবেচিত হয়। তাই ছেলে তার পিতার জন্য সে সুযোগটি রাখুক; যা করাটা তার জন্য সহজ হয়। আল্লাহ্ই সকলের অবস্থা পরিবর্তন করে দেয়ার কর্তৃত্ববান।